



## বাংলাদেশ-পাকিস্তান সম্পর্ক জোরদারে ঢাকায় আসছেন পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ইসহাক দার



সংগৃহীত ছবি

বাংলাদেশের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদার ও অমীমাংসিত বিষয়গুলো নিয়ে আলোচনার উদ্দেশ্যে ঢাকা সফরে আসছেন পাকিস্তানের উপপ্রধানমন্ত্রী ও পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার। এ সফরে তিনি প্রধান উপদেষ্টা এবং পররাষ্ট্র উপদেষ্টার সঙ্গে গুরুত্বপূর্ণ বৈঠকে অংশগ্রহণ করবেন বলে জানা গেছে। আগামী ২৩ আগস্ট তিনি ঢাকায় পৌঁছাবেন এবং ২৪ আগস্ট ঢাকা ত্যাগ করবেন বলে কূটনৈতিক সূত্র জানিয়েছে।

সফরকালে ইসহাক দারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের সঙ্গে সৌজন্য সাক্ষাতের কথা রয়েছে। এছাড়া ২৪ আগস্ট পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা মো. তৌহিদ হোসেনের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে অংশ নেবেন তিনি। বৈঠকে বাংলাদেশ-পাকিস্তান দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন অমীমাংসিত বিষয় ও পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট ইস্যু নিয়ে আলোচনা হবে বলে জানা গেছে। এর আগে পাকিস্তানের পররাষ্ট্র সচিব আমনা বালুচ ঢাকা সফর করেছিলেন। সফরকালে তিনি বাংলাদেশের সাবেক পররাষ্ট্র সচিব জসীমউদ্দীনসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করেন। ওই বৈঠককে ‘গঠনমূলক’ উল্লেখ করে তিনি জানান, উভয় দেশের মধ্যে ভালো আলোচনা হয়েছে।

আগামী সফরে ইসহাক দারের ঢাকা আগমনকে বাংলাদেশ-পাকিস্তান দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে দেখা হচ্ছে কূটনৈতিক অঙ্গনে।